দৈনিক ইত্তেফাক

তারিখ ...21 FEB 1991 ...
পৃষ্ঠা... ... ...কলাম ...

১৪

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৩৬৯২টি আসনে ভর্তির জন্য ৪৩ হাজার আবেদনপত্র বিক্রয়

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০-৯১ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষায় মোট ৩ হাজার ৬ শত ৯২টি আসনের জন্য ৪৩ হাজার আবেদনপত্র বিক্রয় হইয়াছে। হিসাব মতে, এবার একটি আসনের জন্য ১২ জন ছাত্র-ছাত্রীকে প্রতিদ্বন্দ্বিতা করিতে হইবে। গত বছরের তুলনায় এবার ভর্তি প্রার্থীদের সংখ্যা বেশী। গত বছর সাড়ে ৩ হাজার আসনের জন্য প্রায়

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### ঢাকা ভার্সিটিতে

(১ম পৃঃ পর)

৩৯ হাজার আবেদনপত্র জমা পড়িয়াছিল। '৮৯ সালে এই সংখ্যা ছিল ৩৫ হাজার।

গতকাল (বুধবার) আবেদন-পত্র বিক্রির শেষদিনে জানা যায়, 'ক' ইউনিটের আওতায় বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের ১১ শত আসনের জন্য ১৩ হাজার ৪ শত ৩৫টি আবেদনপত্র, 'খ' ইউনিটের আওতায় মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের ১৬ শত আসনের জন্য ৯ হাজার ৪ শতটি আবেদন পত্র, 'গ' ইউনিটের আওতায় বাণিজ্য অনুষদের ছাত্র-ছাত্রীদের সাড়ে ৬ শত আসনের জন্য ৬ হাজার ১০টি আবেদনপত্র এবং 'ঘ' ইউনিটের আওতায় সকল বিভাগের ছাত্র-ছাত্রীদের ৪৭৫টি আসনের জন্য ১৪ হাজার ২ শতটি আবেদনপত্র বিক্রয় হইয়াছে।

এবার আরবী, আন্তর্জাতিক সম্পর্ক, ভূগোল, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান, অণুজীব বিজ্ঞান ও বাণিজ্য অনুষদের ৪টি বিভাগে মোট ১৫০টি আসন বৃদ্ধি করা হইয়াছে।